



## গাজীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ

গাজীপুর সেনানিবাস, গাজীপুর-১৭০৩

### ম্যাগাজিনের জন্য কোটেশন বিজ্ঞপ্তি

১। গাজীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ-এর বার্ষিক ম্যাগাজিন 'অর্জন-২০২৬' প্রকাশনার নিমিত্তে সরকারি লাইসেন্সধারী প্রকৃত মুদ্রণ প্রতিষ্ঠান/এ্যাডফার্ম-এর নিকট হতে নিজস্ব প্যাডে কোটেশন আহ্বান করা যাচ্ছে। কোটেশন প্রতিষ্ঠানে ০৩ মে ২০২৬ তারিখের মধ্যে সরাসরি/ডাকযোগে অথবা [gpcpsc@gmail.com](mailto:gpcpsc@gmail.com)-এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপ:

- ক। ম্যাগাজিনের আকার হবে ৮.৫ ইঞ্চি × ১১ ইঞ্চি।
- খ। প্রতিটি ম্যাগাজিনের পৃষ্ঠা সংখ্যা হবে ২৫০ পৃষ্ঠা (কভার ও ট্রেসিংসহ)।
- গ। ইনার কাগজ ১২০ গ্রাম গ্লোসি আর্ট পেপার (বিদেশী) হতে হবে।
- ঘ। ম্যাগাজিনের জন্য কভার, ডিজাইনিং, পেজ সেটিং, ইলাস্ট্রেশন ও ছাপানোসহ সমুদয় কাজ সম্পন্ন করতে হবে।
- ঙ। কভার ৩০০ গ্রাম কোরিয়ান আর্ট কার্ডে (হ্যানসল কোরিয়া) ৪ রং ছাপা এবং কভার ম্যাট+স্পট এমব্রুশ লেমিনেশন হতে হবে।
- চ। সম্পূর্ণ ম্যাগাজিন প্রকৃত ৪ রং বিশিষ্ট (সম্পূর্ণ রঙিন) হবে।
- ছ। ছবির ছাপা ঝকঝকে স্পষ্ট হতে হবে।
- জ। ম্যাগাজিনের বাঁধাই জুজ সেলাই ও গু বাইন্ডিংসহ মজবুত ও সুন্দর হতে হবে।
- ঝ। মোট ম্যাগাজিনের সংখ্যা হবে ৩৭০০ কপি।
- ঞ। ম্যাগাজিন ছাপার ক্ষেত্রে কোন প্রকার ভুলত্রুটি গ্রহণযোগ্য নয়।
- ট। প্রতিষ্ঠান হতে সরবরাহকৃত তথ্যাদি ও ছবি সঠিক মুদ্রণে স্পষ্ট হতে হবে।
- ঠ। প্রতিটি ম্যাগাজিনে 'অর্জন-২০২৬' এর প্রচ্ছদ সম্বলিত ট্যাগ (পৃষ্ঠা সনাক্তকরণ) ফিতাসহ থাকতে হবে।
- ড। ম্যাগাজিন বিতরণের জন্য ম্যাগাজিনের কভার পৃষ্ঠার অনুরূপ চার রঙের ২০০ বক্স খাম (৩০০ গ্রাম আর্ট কার্ড) সরবরাহ করতে হবে।
- ঢ। আগামী ০১ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে ম্যাগাজিন মুদ্রণের যাবতীয় কাজ সম্পন্ন করে প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করতে হবে।
- ণ। ম্যাগাজিন ছাপার কাজ সমাপ্তির পর নিজ খরচে তা এ প্রতিষ্ঠানে পৌঁছে দিতে হবে।
- ত। ০১ সেপ্টেম্বর ২০২৬ মধ্যে ডামি কপি উপস্থাপন করতে হবে।
- থ। প্রয়োজনে যেকোনো মুহূর্তে এই কোটেশন/চুক্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।